



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৩ মে ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

দীঘিনালায় সাংস্কৃতিক ব্যক্তিত্ব জ্ঞানকীর্তি চাকমাকে অপহরণের নিন্দা ও প্রতিবাদ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি ইউনিটের সংগঠক অংগ্য মারমা এক বিবৃতিতে জেলার দীঘিনালা উপজেলাধীন উদোলবাগান থেকে এলাকার একজন সুপরিচিত ও জনপ্রিয় সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও জুম্ম ফিল্ম এসোসিয়েশনের সভাপতি জ্ঞানকীর্তি চাকমাকে অপহরণের তীব্র নিন্দা ও প্রতিবাদ এবং অবিলম্বে তাকে উদ্ধার ও মুক্তির দাবি জানিয়েছেন।

ঘটনার বর্ণনা দিয়ে অংগ্য মারমা বলেন, 'আজ শনিবার ২৩ মে ২০২০ বেলা ১১:৪৫টার দিকে বাবুছড়া বাজারে অবস্থানরত একটি বিশেষ মহলের মদদপুষ্ট সন্ত্রাসীরা জ্ঞানকীর্তি চাকমাকে তার নিজ বাড়ি থেকে অস্ত্রের মুখে মোটর সাইকেলে করে বাবুছড়ার দিকে নিয়ে যায়।

'তাকে অপহরণের পূর্বে সন্ত্রাসীরা কার্বারী টিলা নামক স্থানে আনসার ক্যাম্পের পাশে ইউপিডিএফের প্রাক্তন সদস্য মটর চাকমাকে ধাওয়া করে এবং তার দিকে লক্ষ্য করে গুলি চালায়।'

ইউপিডিএফ নেতা অভিযোগ করে বলেন, এসব ঘটনার সময় সেনাবাহিনীর একটি টহল দল অনতিদূরে বানছড়ায় অবস্থান করছিল, কিন্তু তারা কিংবা আনসার সদস্যরা সন্ত্রাসীদের নিবৃত্ত কিংবা গ্রেফতার করতে কোন পদক্ষেপ নেয়নি।'

বাবুছড়ায় নিরাপত্তা বাহিনীর চেকপোস্ট ও ক্যাম্পের পাশে অবস্থান করে সন্ত্রাসীরা তাদের খুন, অপহরণ, চাঁদাবাজি ও হুমকিসহ ইত্যাদি অপরাধমূলক কর্মকাণ্ড চালালেও নিরাপত্তা বাহিনীর সদস্যরা আজ পর্যন্ত তাদের বিরুদ্ধে কোন ধরনের পদক্ষেপ নেয়নি, বরং তাদেরকে মদদ দিয়ে যাচ্ছে বলে তিনি অভিযোগ করেন।

সন্ত্রাসীদের সকল অপকর্মের দায় স্থানীয় সামরিক ও বেসামরিক প্রশাসন তথা সরকারকে বহন করতে হবে মন্তব্য করে অংগ্য মারমা অবিলম্বে জ্ঞানকীর্তি চাকমাকে উদ্ধার বা মুক্তি এবং অপহরণকারী-খুনী-সন্ত্রাসী চক্রটির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)